

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৩. ২. পরজাতি, বিধর্মী বা শত্রু হত্যা

উপরে আমরা ঈশ্বর কর্তৃক সরাসরি তাঁর প্রিয় জাতির হত্যার বিষয়টা দেখলাম। প্রিয় জাতির সংহারে ঈশ্বর এত তৎপর হলে বিধর্মী ও শক্র জাতির সংহারে তিনি কত তৎপর হবেন তা সহজেই অনুমেয়। ঈশ্বর বিধর্মীদের হত্যা করেন তাঁর প্রিয় জাতির মাধ্যমে। তবে মাঝে মাঝে তিনি স্বয়ং এ যুদ্ধে অংশগ্রহণ করেন এবং বিধর্মীদের সংহার করেন। পরবর্তীতে আমরা ঈশ্বরের নির্দেশে যুদ্ধে বা বিনা যুদ্ধে বিধর্মী বা শক্রদের হত্যার বিবরণ দেখব। আমরা দেখব যে, এ সকল যুদ্ধেও স্বয়ং ঈশ্বর নিজে প্রিয় প্রজাদের পক্ষে যুদ্ধ করে লক্ষ লক্ষ মানুষ ও প্রাণি হত্যায় অংশগ্রহণ করেছেন: "বনি-ইসরাইলের মাবুদ আল্লাহ তাদের হয়ে যুদ্ধ করেছিলেন।" (ইউসা ১০/৪২) এ ছাড়াও ঈশ্বর কর্তৃক বিধর্মীদের হত্যার অনেক ঘটনা বাইবেলে উল্লেখ করা হয়েছে। কয়েকটা নমুনা এখানে উল্লেখ করছি।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14537

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন